**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:23-04-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**RO-East Tripura LS :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের জন্য পোষ্টাল ব্যালটে ভোট গ্রহনের কাজ আজ শেষ হচ্ছে। এই আসনের নির্বাচনে নিরাপত্তার কাজে নিযুক্ত কর্মী এবং ভোট কর্মীরা গতকাল পোষ্টাল ব্যালটে ভোট দিয়েছেন। এদিকে পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ. গতকাল আমবাসাস্থিত পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে আমবাসা বিধানসভা কেন্দ্রের পোস্টাল ব্যালট ফেলিসিটেশন সেন্টার পরিদর্শন করেন। আগামী ২৬শে এপ্রিল এই আসনে ভোট গ্রহণ পর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান।

***************

**Statement of Returning officer :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার জানিয়েছেন, এই লোকসভা কেন্দ্রে ভোট গ্রহণ সম্পর্কিত কিছু অভিযোগ এর ঘটনার যথাযথ তদন্ত করা হয়েছে এবং উপযুক্ত ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়েছে। এক প্রেস বিবৃতিতে তিনি বলেছেন, এই নির্বাচনী ক্ষেত্রে মাইক্রো অবজারভারদের ইতিবাচক রিপোর্ট দিতে চাপ দেওয়া হয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে তা সত্য নয়। রিটার্নিং অফিসার জানিয়েছেন, অসুস্থ হয়ে পড়া এক নির্বাচন কর্মীকে হাসপাতলে গিয়ে তিনি দেখে এসেছেন, সেই কর্মী সুস্থ হয়েছেন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন । তার চিকিৎসার ব্যয়ভার প্রশাসন বহন করবে বলে তিনি জানান। প্রেস বিবৃতিতে রিটার্নিং অফিসার আরো জানিয়েছেন, কিছু বুথে প্রদত্ত ভোটের হিসেবে গড়মিল রয়েছে বলে সিপিআই (এম) রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরীর অভিযোগ এর তদন্ত করা হয়েছে। এব্যাপারে, নির্বাচন কমিশনে সাধারণ পর্যবেক্ষক গত ২০ এপ্রিল পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ে সমস্ত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে বিষয়টি খতিয়ে দেখেন।এছাড়াও, প্রিসাইডিং অফিসারের ডায়েরি এবং মাইক্রো অবজারভারের রিপোর্টও খতিয়ে দেখা হয়েছে। প্রেস বিবৃতিতে বলা হয়, মজলিশপুর ৪৪ নং ভোটগ্রহণ কেন্দ্রে মোট ভোটার ৫৪৫ জনের মধ্য থেকে ভোট পড়ে ৪৯৮ টি এবং ভোটদানের হার ছিল ৯১.৩৭ শতাংশ। তাছাড়া ওই বুথে অন্যান্য বিধানসভা ক্ষেত্রের নথিভুক্ত নির্বাচকের মধ্য থেকে ভোট পড়ে ১২.৪৮ শতাংশ। বিবৃতিতে বলা হয়,অ্যাসিস্টেট রিটার্নিং অফিসারের কার্যালয়ের কাছাকাছি হওয়াতে বেশি মাত্রায় ইডিসি ভোট পড়ে।

রিটার্নিং অফিসার বিবৃতিতে জানান, খয়েরপুরের ৪৪ নং লেম্বুছড়া এসবি স্কুলের ভোটগ্রহণ কেন্দ্রে ভোট পড়েছে ৮১.৬৩ শতাংশ।

রিটার্নিং অফিসার জানিয়েছেন, ১৯ এপ্রিল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন এবং রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

**********************

**Padma Awards :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরা থেকে পদ্মপুরস্কারপ্রাপ্ত শান্তিকালী আশ্রমের মহারাজ চিত্তরঞ্জন দেব্বর্মাকে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত করেন। তাছাড়া, রাষ্ট্রপতি প্রাক্তন উপরাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডু, ভরতনাট্যম নৃত্যশিল্পী ডঃ পদ্ম সুব্রহ্মণ্যমকে পদ্মবিভূষণ ও বিন্দেশ্বর পাঠককে মরণোত্তর পদ্মবিভূষণ পুরস্কার প্রদান করেন। পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য পদ্মভূষণ পুরস্কারও প্রদান করেন তিনি।

***********************

**BSF IG PPP Das :**

বি এস এফের আই জি প্যাটেল পিয়ুশ পু◌ুরুষত্তোম দাস জানান, সীমন্ত এলাকায় সুস্থিতি রক্ষা, চোরাচালান বন্ধ করা ও মানব পাচার রোধে সীমান্ত নিরাপত্তা বাহিনী বিএসএফ নিরবচ্ছিন্ন ভাবে কাজ করে চলেছে । গতকাল আগরতলার শালবাগানে বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা জানান। তিনি বলেন ত্রিপুরার আন্তর্জাতিক সীমান্তে এ ব্যাপারে সাফল্যও রয়েছে। তাছাড়া, সীমান্ত এলাকায় জনগণের উন্নয়নে বি এস এফ নিয়মিতভাবে স্বাস্থ্য ও চিকিৎসা শিবির সহ বিভিন্ন সামাজিক কাজ করে থাকে বলে তিনি উল্লেখ করেন। । সাংবাদিক সম্মেলনে বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের সহ অন্যান্য আধিকারীকরা উপস্থিত ছিলেন।

***********************

**CM-Baijalbari :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মনের সমর্থনে খোয়াইয়ের বাইজাল বাড়ি স্কুল মাঠে জনসমাবেশে অংশগ্রহণ করেন । সমাবেশে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মন, বিধায়ক রঞ্জিত দেববর্মা ও স্বপ্না দেববর্মা, এমডিসি সোহেল দেববর্মা প্রমুখ।

********************

**BJP Campaign :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মার সমর্থনে গতকাল মনু বিধানসভার কলাছড়ায় এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রদেশ যুব মোর্চার সভাপতি বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক মাইলাফ্রু মগ, তিপ্রামথার এমডিসি রবীন্দ্র দেববর্মা প্রমুখ বক্তব্য রাখেন।

*********************

**UGC :**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ইউজিসি, ঘোষণা করেছে যে চার বছরের স্নাতক ডিগ্রিধারীরা এখন সরাসরি NET-এ বসতে পারবেন এবং যে কোনও বিষয়ে পিএইচডি করতে পারবেন। যেখানে গ্রেডিং সিস্টেম অনুসরণ করা হয় সেখানে প্রার্থীদের সমষ্টিগতভাবে ন্যূনতম ৭৫শতাংশ নম্বর বা এর সমতুল গ্রেড থাকতে হবে। বর্তমানে, একজন NET প্রার্থীর ন্যূনতম ৫৫ শতাংশ নম্বর সহ স্নাতকোত্তর ডিগ্রি প্রয়োজন হয়।

********************

**Heat wave :**

আগামী কিছুদিন তাপমাত্রার পারদ স্বাভাবিক তাপমাত্রার উপরে থাকবে বলে সতর্কবার্তা জারি করল আবহাওয়া দপ্তর। এদিকে, সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক পার্থপ্রতিম দাস তীব্র গরম থেকে নিজেকে রক্ষা করতে পর্যাপ্ত পরিমান জলপান, রোদে বেরোলে সানগ্লাসের ব্যবহার, সতেজ ফলাহার, যতটা সম্ভব রোদে না বেরোনোর পরামর্শ রেখেছেন ।

**********************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যাল খেলা আগামীকাল অনুষ্ঠিত হবে । গতকাল মেলাঘরের মাঠে অনুষ্ঠিত আসরের দ্বিতীয় সেমিফাইনালে এডি নগর কোচিং সেন্টার  ৭ উইকেটে জুটমিল প্লে সেন্টারকে পরাজিত করে।

*******************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি।

দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৭ডিগ্রির কাছাকাছি। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের দক্ষিণ, ঊনকোটি ও ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া  বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় চল্লিশ থেকে পঞ্চাশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

******************

********************